

অতি জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
হিসাব ও অর্থ বিভাগ
১৬, আবদুল গণি রোড, ঢাকা
www.dgfood.gov.bd

স্মারক নং-১৩.০১.০০০০.০৭৩.২০.০০১.১৭-১৫৪(৭)

তারিখ : ২৮/০৮/২০১৭ খ্রি:


বিষয় : চলতি ২০১৭-১৮ অর্থ বছরে পুনর্ভরণ খাতে চাহিদা প্রেরণ।

সূত্র : অত্র বিভাগের ০২/০৭/২০১৭ খ্রি: তারিখের ১৩৯ (৭) নং স্মারক।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ২০১৭-১৮ অর্থ বছরে অভ্যন্তরীণ সংগ্রহের বিপরীতে পুনর্ভরণ খাতে চাহিদা প্রেরণের জন্য সূত্রস্থ স্মারকে বিস্তারিত আকারে নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু সে মোতাবেক মাঠ পর্যায় হতে চাহিদাপত্র প্রেরিত হচ্ছে না।

এমতাবস্থায়, সূত্রস্থ স্মারকের নির্দেশনা অনুসারে চাহিদা প্রেরণের জন্য পুনরায় অনুরোধ করা হলো। অধিকন্তু কোড নং-৩/৪৮২১/০০১৫/৬৪১৬-গম ক্রয় পূর্ববর্তী বছর ও ৩/৪৮২১/০০১৫/৬৪২১-চাল ক্রয় পূর্ববর্তী বছর খাতে চাহিদা পত্র(যদি থাকে) জরুরী ভিত্তিতে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। উক্ত খাতদ্বয়ে বিলম্বে চাহিদা প্রেরণের ব্যাখ্যা অবশ্যই পত্রে উল্লেখ থাকতে হবে।

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক,
ঢাকা/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল/সিলেট/চট্টগ্রাম।


(স্বপন কৃষ্ণ বণিক
পরিচালক
ফোন : ৯৫৫৬৩০৬
www.dgfood.gov.bd